



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।



তারিখঃ ১৬/০২/২০২২

নং- কুসক- ২০২২/ ৪৭

**ঃ ২০২০ সালের মাস্টার্স শেষপর্ব (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের
সংশোধিত বিজ্ঞপ্তি ঃ**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে এ কলেজে ২০২০ সালের মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) প্রোগ্রামে অনলাইনে পূরণকৃত রেজিস্ট্রেশন আবেদন ফরম, ফি ও প্রয়োজনীয় কাগজপত্র নিম্নলিখিত স্থান এবং সময়সূচী অনুযায়ী জমা নেয়া হবে।

আবেদন ফরম ও ফি জমার তারিখ এক সময় ঃ- ১৭/০২/২০২২ থেকে ২৭/০২/২০২২ খ্রি. পর্যন্ত
(সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত) (সকাল ১০.০০ টা থেকে ১.০০ টা পর্যন্ত)।

ফরম জমা দেয়ার স্থান- কলেজ লাইব্রেরি ভবন।

ঃ ফিসের বিবরণ ঃ

১।	রেজিস্ট্রেশন ফি	-	৮০০/=	
২।	আবেদন পত্র ফি	-	৩০০/=	
৩।	পরিবহন ও যোগাযোগ ফি	-	৫০/=	
৪।	নিরাপত্তা/নৈশ্য প্রহরী/অত্যাবশ্যকীয় কর্মচারী ফি	-	৫০০/=	
৫।	বিবিধ ফি	-	১০০/=	
৬।	ইনকোর্স পরীক্ষার ফি	-	২০০/=	
৭।	ব্যবস্থাপনা ফি	-	৫০/=	
	সর্বমোট =	-	২,০০০/=	(দুই হাজার টাকা মাত্র)

**** আবেদন ফরম সংগ্রহ ও জমাদান ঃ-** অনলাইনে রেজিস্ট্রেশনের আবেদন ফরম পূরণের পর **শিওর ক্যাশে** নির্ধারিত টাকা জমা পূর্বক (শিওর ক্যাশের শর্ট কোড **KUGCMF**) অনলাইনের আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র ০১ সেট কমিটির নিকট জমা দিতে হবে।

১। আবেদনের যোগ্যতা

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ সাল ও তৎপরবর্তী সালসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে না।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- আবেদনের যোগ্যতা পূরণ করলে কারাবন্দীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে পারবে।
- বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।
- আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে এ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

২। মাস্টার্স শেষপর্ব (প্রাইভেট) প্রোগ্রামের বিষয়সমূহ ঃ বাংলা, ইংরেজি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামী শিক্ষা, দর্শন।

৩। রেজিস্ট্রেশনের অন্যান্য শর্তাবলী

- মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের আবেদন করার সময় কোন বিষয়/কলেজ নির্বাচন করার পর পরবর্তীতে উক্ত বিষয়/কলেজ পরিবর্তনের অনুমতি দেয়া হবে না।
- ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের বিষয়ভিত্তিক সিলেবাস ২০২০ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামের জন্য প্রযোজ্য হবে।
- আবেদনকারী প্রার্থীকে রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত মেনে নিতে হবে।
- মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামের রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ০৩ (তিন) শিক্ষাবর্ষ।

অপর পাতা

৪। অনলাইনের আবেদন ফরমের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে।

- ক) ন্নাতক (সম্মান)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষা পাশের নম্বর পত্রের সত্যায়িত ফটোকপি।
- খ) ন্নাতক (সম্মান)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি।
- গ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীসমূহকে "শিক্ষা ছুটি দেয়া হবে" মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়ন পত্র।
- ঘ) দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি।

১০/১০/২২

(প্রফেসর কাজী মনজুর কাদির)

অধ্যক্ষ
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

১০/১০/২২

কপি বিতরণ :-

- ১। উপাধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ২। আহ্বায়ক, মাস্টার্স শেষ পর্ব প্রাইভেট রেজিস্ট্রেশন কমিটি-২০২০, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৩। সকল মাস্টার্স বিভাগীয় প্রধান, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৪। ড. মোহাম্মদ আবুল কালাম আযাদ, সহযোগী অধ্যাপক, রঞ্জিবিল্বান, তথ্য প্রদানকারী কর্মকর্তা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৫। লাইব্রেরিয়ান, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৬। হিসাবরক্ষক, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৭। ক্যান্সিয়ার, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৮। শাখা সহকারী, মাস্টার্স শাখা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৯। সংরক্ষণ নথি।